**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-03-2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Ram Navami-Greetings :

আজ বাসন্তী পূজার রামনবমী | রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

সামাজিক মাধ্যমে একটি ভিডিও শেয়ার করে প্রধানমন্ত্রী বলেছেন, ত্যাগ, তপস্যা ও সংযমে পরিপূর্ণ মর্যাদা পুরুষোত্তমের জীবন প্রতিটি পরিস্থিতিকে পূর্ণ শক্তিতে মোকাবিলা করার অনুপ্রেরণা জোগায়।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও রাম নবমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

*******************

## Petroleum and LPG supply situation :

কেন্দ্রীয় সরকার জানিয়েছে, ভারতে মোট ৭৪ দিনের জ্বালানি মজুত রয়েছে এবং অপরিশোধিত তেলের মজুত, পরিশোধিত তেলের মজুত এবং সুড়ঙ্গে সংরক্ষিত বিশেষ কৌশলগত মজুত সহ প্রকৃত মজুত বর্তমানে প্রায় ৬০ দিনের। কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক পুনরায় নিশ্চিত করেছে, ভারতের পেট্রোলিয়াম এবং এলপিজি সরবরাহ পরিস্থিতি সম্পূর্ণ সুরক্ষিত এবং নিয়ন্ত্রণে

রয়েছে। মন্ত্রক জানিয়েছে, সমস্ত খুচরা জ্বালানি আউটলেটে পর্যাপ্ত সরবরাহ রয়েছে এবং দেশের কোথাও পেট্রোল, ডিজেল বা এলপিজির কোনো ঘাটতি নেই।

ভারত বিশ্বজুড়ে তার ৪১টিরও বেশি সরবরাহকারীর কাছ থেকে আরও অপরিশোধিত তেল পাচ্ছে এবং ভারতের প্রতিটি শোধনাগার ১00 শতাংশেরও বেশি ক্ষমতায় চলছে বলেও মন্ত্রক থেকে বলা হয়েছে।মন্ত্রক আরও জানিয়েছে যে, দেশজুড়ে এলপিজির কোনো ঘাটতি নেই। দেশীয় শোধনাগার উৎপাদন ৪0 শতাংশ বাড়ানো হয়েছে, যার ফলে দৈনিক এলপিজি উৎপাদন ৫0,000 মেট্রিক টনে পৌঁছেছে, যা দেশের চাহিদার ৬0 শতাংশেরও বেশি।

কেন্দ্রীয় মন্ত্রক নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছে, অযৌক্তিক আতঙ্ক ছড়ানোর প্রচারে যেন তারা বিভ্রান্ত না হন।

*********************

**ADC-Scrutiny :**

এডিসি নির্বাচনে ২৮টি আসনে প্রার্থীদের মনোনয়নপত্র পরীক্ষার কাজ গতকাল সম্পন্ন হয়েছে| মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন আগামীকাল | উল্লেখ্য, মনোনয়নপত্র দাখিলের শেষদিন পর্যন্ত ২৮টি আসনে মোট ১৮৬ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছিলেন| প্রাপ্ত সংবাদে জানা গেছে, খোয়াই জেলার তিনটি আসন আশারামবাড়ী-হালহালি, রামচন্দ্রঘাট, মহারানীপুর-তেলিয়ামুড়া আসনে সব প্রার্থী বৈধ বলে বিবেচিত হয়েছেন | তাছাড়া উত্তর জেলার দামছড়া-জম্পুই, দশদা-কাঞ্চনপুর আসন এবং দক্ষিন জেলার বীরচন্দ্র-কলসী, পূর্ব মুহুরীপুর-ভুরাতলি, শিলাছড়ি-মনু বনকুল আসনে সব প্রার্থী বৈধ বলে বিবেচিত হয়েছেন |

*********************

**PM Modi Tops Global Popularity Rankings :**

মার্কিন যুক্তরাষ্ট্র-ভিত্তিক তথ্য বিশ্লেষক সংস্থা মর্নিং কনসাল্ট পরিচালিত সর্বশেষ আন্তর্জাতিক সমীক্ষায় ৬৮% অনুমোদন রেটিং নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আবারও বিশ্বের সবচেয়ে জনপ্রিয় নেতা হিসেবে স্থান পেয়েছেন। ২ থেকে ৮ মার্চের মধ্যে পরিচালিত এই সমীক্ষায় দেখা গেছে, প্রধানমন্ত্রী মোদী অন্যান্য বিশ্ব নেতাদের চেয়ে উল্লেখযোগ্যভাবে এগিয়ে রয়েছেন। সুইজারল্যান্ডের প্রেসিডেন্ট গাই পারমেলিন এবং দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট লি জে-মিয়ং ৬২% অনুমোদন রেটিং নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছেন। এরপর যথাক্রমে ৫৭% এবং ৫৬% অনুমোদন রেটিং নিয়ে রয়েছেন চেক প্রজাতন্ত্র এবং আর্জেন্টিনার নেতারা।

*********************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, বিকশিত ভারত গঠনে ত্রিপুরা যথার্থ ভূমিকা পালন করে চলেছে। গতকাল কেরলমের ওয়ানাদ জেলার কালপেট্টায় নির্বাচনী জনসভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি ত্রিপুরায় পরিকাঠামো, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং প্রযুক্তিতে উল্লেখযোগ্য উন্নতির কথা তুলে ধরেন| মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা বর্তমানে মাথাপিছু আয়ের নিরিখে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে দ্বিতীয় স্থানে রয়েছে।

**********************

**PM Modi-Noida International Airport :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল উত্তর প্রদেশের জেওয়ারে প্রথম ধাপে নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্বোধন করবেন। এই প্রকল্পটি নির্মাণে আনুমানিক খরচ ১১,২০০ কোটি টাকা ধরা হয়েছে।

নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দরটি ভারতের অন্যতম বৃহত্তম 'গ্রিনফিল্ড' বিমানবন্দর প্রকল্প। এই বিমানবন্দরের উদ্বোধন ভারতকে একটি আন্তর্জাতিক বিমান চলাচল কেন্দ্রে পরিণত করার পথে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বিবেচিত হচ্ছে। এই বিমানবন্দরটি 'জাতীয় রাজধানী অঞ্চলের' (NCR) প্রবেশদ্বার হিসেবে কাজ করবে এবং আন্তর্জাতিক গন্তব্যগুলোর সাথে নিরবচ্ছিন্ন যোগাযোগ নিশ্চিত করবে। ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরের পর, জাতীয় রাজধানী দিল্লি এবং এর পার্শ্ববর্তী অঞ্চলগুলোর জন্য দ্বিতীয় প্রধান বিমানবন্দর হিসেবে একে গড়ে তোলা হচ্ছে।

**********************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে

মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

*******************

**Khelo India Tribal Games :**

ছত্তিশগড়-এ খেলো ইন্ডিয়া জনজাতি ক্রীড়ার দ্বিতীয় দিনে ত্রিপুরা দুটি রৌপ্য সহ চারটি পদক দখল করেছে। ফলে পদক তালিকায় ত্রিপুরা পঞ্চম স্থানে রয়েছে। রাজ্যদলের পক্ষে সাঁতারে পুরুষ বিভাগে রিয়াজ ত্রিপুরা ২00 মিটার ব্যক্তিগত মিডলেতে রৌপ্য ও ৫0 মিটার বাটার ফ্লাই-এ ব্রোঞ্জ এবং মহিলা বিভাগে ৫0 মিটার বাটার ফ্লাই তিলোত্তমা জমাতিয়া রৌপ্য ও ১00 মিটার ব্যাক স্ট্রোকে পর্মিলা মলসুম ব্রোঞ্জ পদক পান। ২৫ মার্চ থেকে আসর শুরু হয়েছে। মোট তিনটি শহরে ৭টি ইভেন্টে এই আসরের লড়াই আগামী ৩ এপ্রিল পর্যন্ত চলবে।

**********************

**Weather :**

আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, আকাশ সাধারনত: মেঘলা থাকবে | বজ্র-বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে | রাজ্যে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৪ ডিগ্রি সেলসিয়াস।

*******************

********************